দৈনিক
ইত্তেফাক

18 APR 2016
৮ 2

# মাধ্যমিক শিক্ষাস্তরের জাতীয়করণ প্রয়োজন

আমেরিকার রাষ্ট্রীয় জীবনে শিক্ষকরা ভিআইপি মর্যাদাপ্রাপ্ত। ফ্রান্সের আদালতের চেয়ারগুলো শুধু শিক্ষকদের জন্যই শোভা পায়। আর বাংলাদেশে মাধ্যমিক স্তরের প্রায় ৯৭ ভাগ বেসরকারি শিক্ষক রাষ্ট্রীয় মর্যাদা তো দূরের কথা; তাঁরা যে মাসিক বেতনভাতা সর্ব সাকুল্যে পেয়ে থাকেন তা চতুর্থ শ্রেণির সরকারি কর্মচারীর বেতনের সমপরিমাণও নয়। আজ সময় এসেছে এই অসঙ্গতির মূলে কুঠারঘাত করার। অবশ্য পরিবর্তনে বিশ্বাসী আমাদের মাননীয় প্রধানমন্ত্রী মাধ্যমিক স্তর জাতীয়করণের ব্যাপারে ইতিমধ্যেই ইতিবাচক দৃষ্টিভঙ্গি প্রকাশ করেছেন। আমরা বাংলাদেশের লাখ লাখ শিক্ষক এই সম্ভাবনার বাস্তবায়ন দেখতে চাই।

**মো. হাবিবুর রহমান,**
সহকারী শিক্ষক (ইংরেজি), নিশ্চিন্তপুর ঝউঝড়ুচ মডেল উচ্চ বিদ্যালয়, তজুমদ্দিন, ভোলা